

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম
অধ্যক্ষের কার্যালয়



নং-২০১৮/০৫২

তারিখ: ২১ জুলাই ২০১৮

উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি


এতদ্বারা ২০১৮-১৯ শিক্ষাবর্ষে রাংগুনিয়া কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, যারা ভর্তির জন্য আমাদের কলেজে দ্বিতীয়বার নির্বাচিত হয়ে ভর্তি নিশ্চিত করেছে তাদের তালিকা কলেজের ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হল। তালিকায় অন্তর্ভুক্তদের কলেজের ওয়েব সাইট (www.ranguniacollege.edu.bd)-এর নির্দিষ্ট বক্সে স্ব স্ব পিন কোড প্রদানের মাধ্যমে যথাযথভাবে ভর্তি ফরম পূরণ ও পূরণকৃত ভর্তি ফরমের ২ (দুই) কপি প্রিন্ট কপি কলেজ অফিসে প্রদর্শন করে রসিদ সংগ্রহ করতে হবে। উক্ত রসিদ মূলে কলেজ ক্যাম্পাসে অবস্থিত 'বাংলাদেশ কৃষি ব্যাংক' রাংগুনিয়া কলেজ শাখায় ভর্তি ও আনুষংগিক ফি জমার রসিদসহ নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি ২১ থেকে ২৩ জুলাই, ২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ভর্তি কমিটির নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত তারিখের মধ্যে যারা জমা দিতে ব্যর্থ হবে তাদের ভর্তির আরকোন সুযোগ থাকবে না।

ভর্তি কমিটি:

- | | | | | |
|---|---|---|---|------------------------------------|
| ০১. অধ্যাপক মং উসাং | - | - | - | আহবায়ক |
| ০২. অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী | - | - | - | সদস্য |
| ০৩. অধ্যাপক জাহেদুল আলম | - | - | - | সদস্য |
| ০৪. অফিস প্রধান এ. কে. এম. আবু মুসা | - | - | - | প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। |

প্রয়োজনীয় কাগজপত্রাদি যা ভর্তি ফরমের সাথে প্রদান করতে হবেঃ

০১. এসএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট।
০২. এসএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (সত্যায়িত)।
০৩. সদ্যতোলা রজিন পাসপোর্ট সাইজ ছবি ০২টি।
০৪. কলেজের ওয়েব সাইট (www.ranguniacollege.edu.bd)-এ পূরণকৃত ভর্তি ফরম ০২ (দুই) কপি।
০৫. ভর্তি ফি জমা দেয়ার রসিদ।


(মোহাম্মদ আবু ইউসুফ)
অধ্যক্ষ
রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম
মোহাম্মদ আবু ইউসুফ
অধ্যক্ষ
রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম